Form No. 27

V-1 (F)

# FIRST INFORMATION REPORT

1389

First Information of a cognizable crime reported under section 154 Cr. P. C. at PS.

1. Dist. Purulia Sub Divn Purulia Sadar P.S. Purulia (T) Year 2017 FIR No. 89/17 Date 12/06/17

2. i) Act I.P.C. Sections 498 A ii) Act X Sections X

iii) Act ........ Sections ........ iv) Other acts & Sections ........

3. a) General Diary Reference : Entry No. 616

b) Occurrence of Offence : Day Since after marriage. Date (21/11/16) Time ........ Time 12:25 hrs

c) Information received Date 12/06/16 Time 12:25 hrs G.D No. 616 at the P.S.

4. Type of Information : Written/Oral written (Typed)

5. Place of Occurrence : a) Direction and Distance from P.S. ........

b) Address In the house of Joydeb Sadhukhan s/o Sadananda Sadhukhan, Jamunabari, Station bazar, Ghoshpara Khal, P.S.- Bhadreswar, Dist.- Hoogly, W.B Beat No. ........

c) In case outside limit of this Police Station, then the name of P.S. Bhadreswar District Hoogly

6. Complainant / Informant :

a) Name : Rini Gorai

b) Father's / Husband's Name D/o Dipak Kr. Gorai

c) Date / Year of birth ... Not noted d) Nationality Indian

e) Address Mahananda chakraborty lane, Munsefdanga, P.S. Purulia (T), Dist- Purulia

7. Details of known/suspected/unknown/accused with full particulars (Attach separate sheet, if necessary) :

(1) Joydip Shadhukhan s/o Sadananda Sadhukhan (Husband of complainant)

(2) Sadananda Sadhukhan (Father-in-law)

(3) Jamuna sadhukhan (Mother-in-law)

(4) Sugata Pal/Khan (Sister-in-law)

(5) Sutirath Pal (Brother-in-law)

8. Reasons for delay in reporting by the complainant/informant X

9. Prticulars of properties stolen/involved : (Attach separate sheet, if required) X

10. Total value of properties stolen/involved : X

11. Inquest report/U.D. Case no., if any X

12. FIR Contents : (Attach separate sheets, if required) The original written complaint of the complainant which has been treated as FIR is attached herewith.

Tapan Tiwary
I/c
Purulia (T) PS
12/06/17

Officer-in-Charge
Purulia ...

13. Action taken : Since the above report reveals commission of offence(s) u/s 498 A IPC

........

........ to take up the

registered the case and took up the investigation/directed ASI Nirodh Mahato, Purulia (T) PS ........ on point of jurisdiction. FIR read over to

investigation/transferred to P. S. ........ to the Complainant/Informant free of cost

the Complainant/informant, admitted to be correctly recorded and a copy given to the Complainant/Informant free of cost.

Tapan Tiwary
I/c
Purulia (T) PS
12/06/17

Signature of the Officer-in-Charge, Police Station with

Name : TAPAN TEWARY

Rank S.I. of Police, Purulia (T) PS

Number if any 12/06/17

Rini Gorai

Signature/Thumb impression of the Complainant/informant

DR-1588/17

Scanned with CamScanner

To
The O.C. Purulia Sadar Police Station,
Purulia (W.B.)

মহাশয়,

নিম্ন স্বাক্ষরকারীর সবিনয় আবেদন এই যে, গত ২১/১১/২০১৬ তারিখে জয়দ্বীপ সাধুখাঁ, পিতা - সদানন্দ সাধুখাঁ, ঠিকানা - যমুনা বাড়ি, ভদ্রেশ্বর স্টেশন বাজার ঘুন্সির খাল (নর্থ), পোঃ-সারদাপল্লী, থানা - ভদ্রেশ্বর, জেলা - হুগলী (পঃবঃ), পিন-৭১২১২৪। এর সাথে আমার (রিনি গরাই) বিয়ে হয়। আমার ঠিকানা / পিতা ঃ- রিনি গরাই, পিতা দীপক কুমার গরাই, মহানন্দ চক্রবর্তী লেন, মুনসেফডাঙ্গা, পোঃ + জেলা - পুরুলিয়া (পঃবঃ), পিন - ৭২৩১০১।

বিয়ের পর ভদ্রেশ্বরের যমুনা বাড়িতে ০৩/১২/২০১৬ তারিখে বৌ-ভাত হয়।

স্মরণীয় গত ২৭/১১/২০১৬ এর দিন থেকে পরিবারের সদস্যগণ - জয়দ্বীপ সাধুখাঁ (স্বামী); সদানন্দ সাধুখাঁ (শ্বশুর); যমুনা সাধুখাঁ (শ্বাশুড়ী); সুজাতা পাল/সাধুখাঁ (ননদ); সুতীর্থ পাল (নন্দাই) আমার উপর শারিরিক ও মানসিক অত্যাচার শুরু করে। শেষ পর্যন্ত বাড়ি থেকে তাড়িয়েই দেয়। তাদের ভয়ে বর্তমানে আমি আমার বাবার বাড়িতে থাকতে বাধ্য হয়েছি।

পুরুলিয়া থেকে অফিস করে, একদিন রাত্রি ৮ : ৩০ নাগাদ ভদ্রেশ্বরের বাড়ি পৌঁছালে, শ্বশুর আমাকে বাড়ি থেকে বেরিয়ে যেতে বলে। তারা বলে, বাড়ির বৌ এভাবে রাত করে কেউ বাড়ি ঢুকবে না।

ঐসময় আমার PGDAEM এর 2nd Semistar এর পরীক্ষা ছিল। পরিক্ষা যাতে না দিতে পারি তার জন্য জয়দ্বীপ মারধর করে। ফলে পরীক্ষার হলে পৌঁছাতে আমার দেরি হয়। ঐদিন তারা বলে বাড়ীর বৌ সংসার করবে। ফাইফরমাস খাটবে। পড়বে কেন? চাকরি করবে কেন?

জয়দ্বীপ প্রায়দিন কথায় কথায় মারধর করত। জামা ছিঁড়ে দিত। শ্বশুর, শ্বাশুড়ী দাঁড়িয়ে দাঁড়িয়ে দেখত। শ্বশুর, শ্বাশুড়ী, জয়দ্বীপ, সুজাতা সবাই মিলে খাট-পালঙ্ক, আলমারি, ড্রেসিং টেবিল, ছেলের গলার চেন, আংটি, Bresslet এর জন্য অত্যাচার করত। পুরুলিয়া আসতে দিত না। বিয়ের পর, প্রথম যেদিন ভদ্রেশ্বর যাই, সেদিন বিয়ের গয়না ওজন করে দেখাতে বাধ্য করায়।

Received on 12/06/17 at 12.25 hrs and started Purulia (T) P.S case no. 453/17 Dtd 12/06/17 u/s 498A IPC Tapan Tewary Pla (S) P.S 12/06/17

আমাকে জোর করে আলমারি ও ড্রেসিং টেবিল কিনতে বাধ্য করে। আলমারির চাবিটি জয়দ্বিপ নিজের কাছে রাখে।

০৩/১২/২০১৬ তারিখে, বৌভাতের দিন, বাবা পুরুলিয়াতে মেয়ে জামাইকে নিয়ে একটি ছোটখাটো অনুষ্ঠান করার জন্য অনুরোধ করলে তারা ২৫/১২/২০১৬ তারিখে দিন দেয়। পরে তা 'যেতে পারব না' বলে ভন্ডুল করে। এরপর আমার শ্বশুর পালঙ্কের জন্য বাবাকে নানান কুকথা বলে। বাবা এ.সি. ভ্যান গাড়ি ভাড়া করে ২০/১২/২০১৬ তারিখে ড্রাইভার সেক গিয়াসুদ্দিন কে নিয়ে ভদ্রশ্বরের বাড়িতে পালঙ্ক পৌঁছে দেয়। এরপর প্লেটে মিষ্টি খেতে দিয়ে বলে 'জয়দ্বীপ ব্যতিরেকে আপনার মেয়ের আগে কোথায় বিয়ে হয়েছিল'? (কথাগুলি সুজাতার ফোনে রেকর্ড করা আছে) বাবা রেগে যায়। কথা কাটাকাটি হয়। রাত নাগাদ বাবা পুরুলিয়া ফিরে যায়। ঐসময় আমি পুরুলিয়াতে ছিলাম। ফোনে শ্বাশুড়ী আমাকে বলে, অবশ্যই সাক্ষী নিয়ে ভদ্রেশ্বরে আসবে।

আমি ২৫/১২/২০১৬ তারিখে জ্যেঠু (সাক্ষী) ও বাবাকে সাথে নিয়ে ভদ্রেশ্বরে যাই। আলোচনা হয়। ঠিক হয়, তারা আর কোন কথা বলবে না। আমাকে আটকে দেয়। চারটি মুল সার্টিফিকেট জয়দ্বীপ, আমার ফাইল থেকে বের করে নেয়। জয়দ্বীপ নিজে আমাদের ব্যাগগুলি সার্চ করে। বাবা ও জ্যেঠু ফিরে যায়।

Officer -
Pur...
P.S.

মাঝে একদিন আমার প্রচন্ড জ্বর হয়েছিল। তারা ডাক্তার দেখান দুরে থাক - উল্টে বাড়ির সমস্ত কাজ আমাকে দিয়ে করায়।

বাবার মুনসেফডাঙ্গার ঠিকানাতে এবং Care of : Dipak Kumar Gorai এর তত্ত্বাবধানে, আমার নামে একটি পাসপোর্ট তৈরী করে - জয়দ্বীপ। এই পাসপোর্ট টিকে নিয়ে পরিবারের সবাই মিলে, [redacted] আমার সাথে ব্যাপক অশান্তি শুরু করে। বাবা ভুলগুলি ঠিক করে নিতে বলে। বলে 'দিয়ে দেব।' জয়দ্বীপ আজপর্যন্ত তা সংশোধন করেনি।

১৯/০২/২০১৭ তারেখে জ্যেঠু, বিষ্ণুপুর থেকে সকাল ১০-৩০ নাগাদ ফোন করে বলে, আমাদের বিয়ের Registration ২০/০২/২০১৭ তারিখে চুঁচুড়াতে করার জন্য ঠিক করা হয়েছে। ঐদিন জয়দ্বীপ শুধুমাত্র ফর্ম এ স্বাক্ষর টুকু করবে। বাকি খরচ খরচা ইত্যাদি বাবা করবে। জয়দ্বীপ বলে আপনি কি আমাকে ব্ল্যাকমেল করছেন? Registration পরে করব। তখন আপনাকে তা জানাব। কিন্তু আজ পর্যন্ত সে তা জানায়নি।

Scanned with CamScanner

জয়দ্বীপ নিজে আমার মোবাইল ফোন এ গোয়েন্দাগিরি করত। সে নতুন গোয়েন্দা Application Add. করেছিল। আমাকে তার প্রমান সে নিজে একদিন আমাকে দিয়েছে।

২৫/১২/২০১৬ তারিখে জয়দ্বীপ ও তার মা জোর করে আমার কাছ থেকে আমার মামীমা ও মাসির দুটি ফোন নং কেড়ে নেয়। কিছুক্ষন পর সুজাতা পালের ফোন থেকে ননদ ও নন্দাই বলে, 'বর্ধমান থেকে বলছি। রিনির সাথে তার ছেলের বিয়ে দেবেন। ইত্যাদি ইত্যাদি' কথাগুলি ছিল অপমানকর - আপত্তিজনক।

১৫/০১/২০১৭ অত্যন্ত গোপনে শ্বশুর ও নন্দাই আমাদের পুরুলিয়ার বাড়ির সংলগ্ন পাড়া, মহানন্দ চক্রবর্তী লেনে গোয়েন্দাগিরি করে। দুপুর ১টা নাগাদ পাড়ার বন্দনা দাস (বাউরী) কে আমার ব্যাপারে আপত্তিকর কথা বলে। এরপর বাবার সাথে দেখা না করেই তারা ভদ্রেশ্বর ফিরে যায়।

২৫/০২/২০১৭ তারিখে জয়দ্বীপ আমার গলা টিপে ধরে। বলে 'বাপের বাড়ী থেকে টাকা, সোনাদানা, কাগজপত্র, অরিজিন্যাল পাসপোর্ট নিয়ে বৃহস্পতিবারের মধ্যে আসবে। বাবার নামে থানায় কমপ্ল্যান দিবে অন্যাথায় আর ফিরবে না।'

২৬/০২/২০১৭ তারিখে, জয়দ্বীপ- আমাকে একা রাতের ট্রেনে তুলে দেয়। রাস্তায় প্রচন্ড বমি ও পায়খানা হয়। আমি কোনক্রমে ট্রেন থেকে রাত্রি ১০.৩০ এর অসুস্থ অবস্থায় নামি। ভদ্রেশ্বরের বাড়িতে ট্রেন থেকে নেমেই সব কিছু খবর জানাই। রাতের মধ্যে কমপাউন্ডার ডেকে বমির জন্য ইনজেকশন দেওয়া হয়। ভোর নাগাদ কমে। পরের দিন এতই দুর্বল ছিলাম যে, আমি বিছানা ছেড়ে উঠতে পারিনি। শ্বশুর বাড়ীর লোকজন ২৭/০২/২০১৭ তারিখে আমাকে নাকি মিস্‌ড কল দিয়েছিল। পরে আর কেউ ফোন করেনি। এমনকি আমি মরে গেছি না বেঁচে আছি তা দেখতেও কেউ আসেনি। মাঝে একদিন আমি জয়দ্বীপকে ফোন করলে বলে Big Big Sorry। পরে জয়দ্বীপ তার ফোনে, আমার নাম্বার বন্ধ (Block) করে দেয়।

এরপর March এর শেষে আমি একদিন ভদ্রেশ্বরে যাই। দরজা বন্ধ থাকায়, আমি ফিরে আসি। পরে ১৫/০৫/২০১৭ তারিখে বাবা, আমার শ্বাশুড়ীকে ফোন করলে বলে, আপনাদের সাথে আমাদের সব সম্পর্ক শেষ হয়ে গেছে। ফোন করবেন না। পরে জয়দ্বীপকে ফোন করলে, সে বলে ভদ্রেশ্বরে এসে কথা বলতে হবে (তাং - ২৩/০৫/২০১৭)।

এরপর ২৭/০৫/২০১৭ তারিখে আমরা আলোচনার জন্য পাড়ার কাউনসিলার, বাপী মালিক ও অন্যান্য সহ 'যমুনা বাড়ি' যাই।

নানান অপ্রীতিকর কথা বলার পর - সদানন্দ সাধুখাঁ জানিয়ে দেয় - 'আপনারা যা খুশি করতে পারেন। আইন আদালত করতে পারেন। আমাদের কোন বিয়েই হয়নি। কোন জিনিষপত্রও আমরা নিয়নি, বলে আমাদের তারা বাড়ি থেকে অপমান করে তাড়িয়ে দেয়। (২৭/০৫/২০১৭ এর ঘটনাটি ভিডিও করে যুক্ত করলাম)। উল্লেখ্য জয়দ্বীপ বিভিন্ন দফায় দামী ফোন, জুতো, হিরের আংটি কিনতে জোর করে টাকা নেয়। ফেরৎ চাইলে দেওয়া তো দুরের কথা উল্টে মারধর করত। আমার বিয়ের পূর্বে জয়দ্বীপ যে ডির্ভোসি, (Divorse) তার যে একটি ছেলে আছে তা সে সম্পূর্ন গোপন করে বিয়ের জন্য তার নিজ বায়োডাটা গত ২০/০৩/২০১৬ তে যা বাবার মেল আই-ডি তে পাঠান হয় তাতে সে Marital Status গোপন করে।

নিবেদক

ইতি

রিনি গরাই

রিনি গরাই,

পিতা -দীপক কুমার গরাই,

মহানন্দ চক্রবর্তী লেন, মুনসেফডাঙ্গা,

পোঃ + জেলা - পুরুলিয়া, (পঃবঃ), পিন - ৭২৩১০১।

**N.B.**

List of documents attached with this application.

Scanned with CamScanner